ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬০৭

কৈলাসহর, ৮ মে, ২০২৫

**রেডক্রস সোসাইটির উদ্যোগে কৈলাসহরে রক্তদান শিবির**

ভারতীয় রেডক্রস সোসাইটি ঊনকোটি শাখার উদ্যোগে আজ কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে বিশ্ব রেডক্রস দিবস উদযাপন উপলক্ষে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। তিনি বলেন, রক্তদান মহৎ দান। এর কোন বিকল্প নেই। তিনি জেলার বিভিন্ন ক্লাব, বেসরকারি সংস্থাকেও রক্তদানে এগিয়ে আসার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে ভারতীয় রেডক্রস সোসাইটি ঊনকোটি শাখার চেয়ারম্যান তথা ঊনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা বলেন, প্রত্যেকটি সরকারি দপ্তর নির্ধারিত ক্যালেন্ডার অনুযায়ী স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করবে। শিবিরে উপস্থিত ছিলেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারম্যান চপলা দেবরায়, ঊনকোটি জিলা পরিষদের সদস্য বিমল কর, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। আজকের এই শিবিরে ২৫ জন স্বেচ্ছায় রক্তদান করেন। রক্তদানের পর তাদেরকে সার্টিফিকেটও প্রদান করা হয়।

*******